বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯

ই-মেইলঃ-dgmsme@krishibank.org.bd


## ক্রেডিট বিভাগ

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/ ১৩৭৩(১২৫০) তারিখঃ ০৪/১২/২০২২

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা শতভাগ (১০০%) অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের সার্কুলার লেটার নং-১৩২(১২৫০), তারিখঃ ২১/০৭/২০২২; পত্র নং- ৫৭৯(১২৫০) তারিখঃ ৩১/০৮/২০২২; ১০০৬(১২৫০), তারিখঃ ১৮/১০/২০২২ এবং ১১০০(১২৫০), তারিখঃ ৩১/১০/২০২২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সিএমএসএমই উদ্যোক্তাদেরকে অপেক্ষাকৃত স্বল্প সুদে ও সহজ শর্তে ঋণ সুবিধা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, তারিখঃ ১৯/০৭/২০২২ মূলে ২৫০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়েছে। উক্ত আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে ৩৮০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। গুরুত্ব বিবেচনায় এ খাতে বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের নিমিত্ত অত্র বিভাগ কর্তৃক মাঠ পর্যায়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। অত্র বিভাগ কর্তৃক গৃহিত পদক্ষেপসমূহের আলোকে একটি বিনিয়োগ পরিকল্পনা ১৭/১১/২০২২ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮১৯ তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ অবহিত হয়েছেন এবং জুন/২০২৩ এর মধ্যে লক্ষ্যমাত্রার বিপরীতে বিতরণের অর্জন শতভাগ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করেছেন।

০৩। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় সিএমএসএমই (CMSME) খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে ০১/১২/২০২২ তারিখ ভিত্তিক পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় অত্র ব্যাংকের বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগ | ২৫০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কীম | | |
|---|---|---|---|---|
| | | ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার |
| ১ | ঢাকা | ৮৬.০০ | ৮.৯৮ | ১০.৪৪% |
| ২ | ময়মনসিংহ | ৫০.০০ | ৫.৯৮ | ১১.৯৬% |
| ৩ | চট্টগ্রাম | ৩৭.০০ | ২.৪৫ | ৬.৬২% |
| ৪ | খুলনা | ২৭.০০ | ৩.০১ | ১১.১৫% |
| ৫ | বরিশাল | ১৯.০০ | ১.৮০ | ৯.৪৭% |
| ৬ | সিলেট | ২৪.০০ | ৩.০১ | ১২.৫৪% |
| ৭ | কুমিল্লা | ৫৭.০০ | ২.৮০ | ৪.৯১% |
| ৮ | ফরিদপুর | ৩৩.০০ | ২.৩২ | ৭.০৩% |
| ৯ | কুষ্টিয়া | ৩৯.০০ | ৩.০২ | ৭.৭৪% |
| ১০ | এলপিও | ৮.০০ | - | - |
| মোট | | ৩৮০.০০ | ৩৩.৩৭ | ৮.৭৮% |

**উপরোক্ত ছক পর্যালোচনায় দেখা যায় যে, CMSME খাতের ২৫০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার আবর্তনশীল পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় বরাদ্দপ্রাপ্ত লক্ষ্যমাত্রা ৩৮০.০০ (তিনশত আশি) কোটি টাকার বিপরীতে বিগত ০১/১২/২০২২ পর্যন্ত অত্র ব্যাংকের মোট বিতরণের অর্জন ৩৩.৩৭ (তেত্রিশ কোটি সাঁইত্রিশ লক্ষ) টাকা; মোট লক্ষ্যমাত্রার ৮.৭৮% যা হতাশাজনক। কোন বিভাগই ঋণ বিতরণের আশানুরূপ লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হয় নি।

চলমান পাতা-০২

বিষয় ঃ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (সিএমএসএমই) খাতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত ২৫০০০.০০ (পঁচিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা শতভাগ (১০০%) অর্জন প্রসঙ্গে।

০৪। এমতাবস্থায়, ব্যাংক পরিচালনা পর্ষদের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং- ০৪, তারিখঃ ১৯/০৭/২০২২, অত্র ব্যাংকের এসএমই ঋণ নীতিমালা পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৬/২০১০, তারিখঃ ৩০/১১/২০১০ এবং অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক জুন/২০২৩ এর মধ্যে স্ব-স্ব বিভাগের লক্ষ্যমাত্রার বিপরীতে বিতরণের অর্জন শতভাগ নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪(এসএমই)/১১(৪)/২০২২-২৩/ ১৫৭৬(১১৫০) তারিখঃ ০৪/১২/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

08/12/2022
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক